তারিখ 10 JAN 2016
পৃষ্ঠা ১ কলাম ৬

# এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান তালাবদ্ধ করে ধর্মঘট পালনের হুমকি

## বেতন কাঠামোতে বৈষম্য

■ ইত্তেফাক রিপোর্ট

অষ্টম জাতীয় বেতন কাঠামোর প্রজ্ঞাপন বাতিল ও বেতন কাঠামোতে নিজেদের অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন এমপিওভুক্ত শিক্ষকদের সংগঠন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতারা। শর্তহীনভাবে এই বেতন কাঠামো কার্যকর না হলে স্কুল তালাবদ্ধ করে ধর্মঘট পালনের হুমকি দিয়েছেন তারা। গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতারা।

সম্মেলনে শিক্ষকরা বলেন, শিক্ষকরা সারা দিন পড়াশোনা করিয়ে জাতি গঠনের কাজ করছেন। 'দান-সহায়তা' দেয়ার ঘোষণার মাধ্যমে তাদের অপমান করা হয়েছে।

সংবাদ সম্মেলনে জানানো হয়, বেতন স্কেল কার্যকরসহ শিক্ষানীতির বাস্তবায়নের পৃষ্ঠা ১৯ কলাম ২

## এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান

প্রথম পৃষ্ঠার পর

দাবিতে আগামী ১২ থেকে ১৪ জানুয়ারি শিক্ষক-কর্মচারীদের কালোব্যাজ ধারণ, ১৬ জানুয়ারি এক ঘণ্টা কর্মবিরতি পালন করবেন তারা।

এছাড়াও ১৮ জানুয়ারি কেন্দ্রীয় কর্মসূচি হিসাবে বেলা ১১টায় জাতীয় প্রেসক্লাবের সামনে কেন্দ্রীয়ভাবে শিক্ষক-কর্মচারীদের মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ এবং প্রধানমন্ত্রীকে স্মারকলিপি প্রদানের কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

শিক্ষক সমিতির সভাপতি মুহম্মদ আবু বকর সিদ্দিক বলেন, এরপরও যদি দাবি না মানা হয় তাহলে ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার পর আগামী মার্চ মাস থেকে স্কুল-কলেজে তালা ঝুলিয়ে অবিরাম ধর্মঘট পালন করা হবে। সংবাদ সম্মেলনে শিক্ষক সমিতির সহ-সভাপতি রঞ্জিত কুমার সাহা, আলী আকবর হাওলাদার, বজলুর রহমান, সাধারণ সম্পাদক আবুল কাশেম প্রমুখ উপস্থিত ছিলেন।